ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 89 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৪৫ ● কলকাতা ● ২২ ভাদ্র, ১৪৩২ ● সোমবার ● ০৮ সেপ্টেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 52

## হিমালয়ের সমর্পণ যোগ



আমাদের আসক্তিকে সন্তুষ্টি দিয়েই আটকাতে হবে। এই চঞ্চল চিত্ত- 'এটা পেতে হবে' বলে ভবিষ্যতে নিয়ে যায়।

'এটা পেতে হবে' মানে 'এটা পাইনি' আর 'এটা পাইনি' মানে অতৃপ্তি, অসন্তুষ্টি। সব একসঙ্গেই লেগে থাকে। সেইজন্য যা মিলেছে, তার জন্য ঈশ্বরের কাছে কৃতজ্ঞ থাকা উচিত। আরও পাওয়ার ইচ্ছা, লালসা করা উচিত নয়। কারণ 'এটা পেতে হবে', এরকম যখন আমরা ভাবি, তখন আমরা কখনও বর্তমানে থাকি না। আর আধ্যাত্মিক প্রগতি তো বর্তমানেই হতে পারে।"

ক্রমশঃ

# চাইবাসায় এনকাউন্টারে খতম মাওবাদী নেতা অমিত



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

তার মাথার দাম ছিল ১০ লক্ষ টাকা। ঝাড়খণ্ডের চাইবাসায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে এনকাউন্টারে খতম সেই মাওবাদী নেতা অমিত হাঁসদা ওরফে আপ্টন। রবিবার প্রশাসনের তরফে একথা জানানো হয়েছে। পশ্চিম সিংভূমের সারান্ডার জঙ্গলে ওই এনকাউন্টার হয় বলে জানা গিয়েছে। ঘটনাস্থল থেকে প্রচুর আগ্নেয়াস্ত্র, বিস্ফোরক ও অন্যান্য অস্ত্রশস্ত্র উদ্ধার করা হয়েছে।উল্লেখ্য, ২০২৬ সালের মার্চ মাসের মধ্যে মাওবাদমুক্ত ভারত গড়ার বার্তা দিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। এরপর থেকেই ছত্তিশগড়, অন্ধ্রপ্রদেশ, ঝাড়খণ্ডের মতো মাওবাদী অধ্যুষিত রাজ্যগুলিতে মাওবিরোধী অভিযান ব্যাপক গতি পেয়েছে। গোয়েন্দাদের মতে, বর্তমানে ছত্তিশগড়-তেলেঙ্গানা সীমানাবর্তী কারেগুট্টা পাহাড়ি এলাকা মাওবাদীদের অন্যতম শক্তঘাঁটি। এই এলাকা থেকে মাওবাদের শিকড় উপড়ে ফেলতে প্রায় ৩ হাজার আধাসেনাকে নামানো হয়েছে।

এরপর ৬ পাতায়






# নতুন জাতীয় শিক্ষা নীতি ২০২০ : ভারতের উচ্চশিক্ষায় এক নবদিগন্ত

**অরবিন্দ অধিকারী**

পরাধীন ভারত এবং স্বাধীন ভারতে এর আগে যে শিক্ষা নীতি গুলি ছিল সেগুলি চলমান প্রবাহে কিছুটা কার্যকরী হলেও সময়ের তালে তালে ঠিকমতো কার্যকরী হচ্ছিল না এই কারণে অনেক চিন্তাভাবনা করে সামগ্রিক দৃষ্টিভঙ্গিকে কাজে লাগিয়ে এক নতুন এক শিক্ষানীতি ভারতবর্ষে তৈরি হয়েছে।

ভারতের উচ্চশিক্ষা খাতে জাতীয় শিক্ষা নীতি (NEP) ২০২০ এক অভূতপূর্ব রূপান্তর নিয়ে এসেছে। এই নীতি শুধু শিক্ষার গুণগত মান বৃদ্ধিই করেনি, বরং শিক্ষাব্যবস্থাকে আরও নমনীয়, অন্তর্ভুক্তিমূলক, বহুমুখী ও আধুনিক পরিপ্রেক্ষিতে গড়ে তুলেছে। পড়াশোনা ও গবেষণায় আন্তর্জাতিক মান প্রতিষ্ঠা, দক্ষতা বিকাশ এবং কর্মসংস্থানের জন্য শিক্ষার্থীদের প্রস্তুত করাই এই নীতির মূল উদ্দেশ্য।

NEP ২০২০-এর সবচেয়ে বড় উদ্ভাবন হলো উচ্চশিক্ষায় হোলিস্টিক ও মাল্টিডিসিপ্লিনারি পড়াশুনার সুযোগ বাড়ানো। এখন শিক্ষার্থীরা একাধিক বিষয় (যেমন বিজ্ঞান, কলা, কমার্স, ভোকেশনাল কোর্স) একই সময়ে নির্বাচিত করতে পারবেন। এর পাশাপাশি কোর্সেরদীর্ঘ্যও ৩-৪ বছর পর্যন্ত নমনীয় হয়েছে, যেখানে শিক্ষার্থীরা বিভিন্ন সময়ে পড়াশোনা ছাড়তে (exit options) পারবেন—এক বছরে সার্টিফিকেট, দুই বছরে অ্যাডভান্সড ডিপ্লোমা এবং তিন বা চার বছরে ব্যাচেলর্স বা রিসার্চ ডিগ্রি পাওয়া যাব

উচ্চশিক্ষায় গবেষণাকে প্রধান্য দেয়া হয়েছে। NEP অনুসারে *ন্যাশনাল রিসার্চ ফাউন্ডেশন (NRF) গঠন করা হবে, যা গবেষণার জন্য বৃহৎ বিনিয়োগ ও সুবিধা প্রদান করবে। এ ছাড়া, বিশ্ববিদ্যালয়গুলোকে গুণগতমান বজায় রাখতে *স্বায়ত্তশাসন ও জবাবদিহিতার* সুযোগ দেওয়া হয়েছে, ফলে তারা দ্রুত ও কার্যকর সিদ্ধান্ত নিতে পারবে

NEP ২০২০, শিক্ষার্থীদের জন্য বিভিন্ন প্রবেশ-বিশ্রাম (entry-exit) পয়েন্ট ও অ্যাকাডেমিক ক্রেডিট স্থানান্তর ব্যবস্থাও চালু করছে। এতে ছাত্রদের প্রয়োজনে তাদের শিক্ষার একটি অংশ অন্য প্রতিষ্ঠানে স্থানান্তর করার সুবিধা থাকবে। পাশাপাশি, সরকার সুবিধাবঞ্চিত গোষ্ঠীর জন্য অর্থনৈতিক সহায়তা এবং অনলাইন শেখার সুযোগ বাড়িয়ে শিক্ষায় সমতা আনতে চায়।

ডিজিটাল শিক্ষা ও অনলাইন প্ল্যাটফর্মগুলোর প্রসারের ওপর N E P ২০২০ জোর দিয়েছে। বর্তমানে বহু প্রতিষ্ঠান অনলাইন ও দূরশিক্ষণ কোর্স চালু করেছে, যেখানে জাতীয় অনলাইন কোর্স যেমন SWAYAM থেকে ক্রেডিট নেওয়া সম্ভব। এর ফলে দেশের দরিদ্র ও প্রত্যন্ত এলাকার ছাত্ররাও উন্নত শিক্ষা গ্রহণে সক্ষম হচ্ছেন।

শিক্ষায় সমতা ও অন্তর্ভুক্তি নিশ্চিত করাই NEP-র অন্যতম লক্ষ্য। মেয়েরা, প্রতিবন্ধী ছাত্রছাত্রী, দরিদ্র ও পিছিয়ে পড়া সমাজের জন্য বিশেষ সুযোগ-সুবিধা, বৃত্তি ও সহায়তা অঙ্গীকার করেছে সরকার।

NEP ২০২০ বৈশ্বিক শিক্ষাক্ষেত্রে ভারতের অগ্রগামী অবস্থান নিশ্চিত করতে বিভিন্ন বিদেশি বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অংশীদারিত্ব ও শিক্ষার্থী এবং শিক্ষক বিনিময় প্রোগ্রাম চালু করবে। দেশের উচ্চশিক্ষাকে 'বিশ্বমানের' করার লক্ষ্যে পরিকল্পিত এই উদ্যোগ শিক্ষার্থীদের আন্তর্জাতিক সুযোগ দেবে।

শিখনের পাশাপাশি দক্ষতা উন্নয়ন ও পেশাগত প্রশিক্ষণকে এই নীতিতে গুরুত্ব দেওয়া হয়েছে। ভোকেশনাল কোর্স ও দক্ষতা তৈরির মাধ্যমে শিক্ষার্থীরা কর্মসংস্থানের জন্য আরও প্রস্তুত হবে এবং উদ্যোক্তা হওয়ার যোগ্যতা গড়বে।

এই নীতির ফলে শিক্ষার্থীরা শুধু ভালো পড়াশোনাই করবে না, তাদের দক্ষতা ও সৃজনশীলতাও বাড়বে, যা দেশের মানবসম্পদকে বিশ্বব্যাপী প্রতিযোগিতায় এগিয়ে নেবে। শিক্ষা ব্যবস্থায় এই পরিবর্তন ১৯৪৭-পরবর্তী ভারতের সবচেয়ে গুরুত্বপূর্ণ সংস্কার হিসেবে বিবেচিত হচ্ছে।

যদিও পরবর্তীকালে এই শিক্ষানীতির অনেক সমালোচনা হচ্ছে এবং সমালোচনার দরকার, সময়ের সাথে এগোতে গেলে যে সমালোচনার মাপকাঠি আমাদের আরো শক্তিশালী করে তুলবে। জাতীয় শিক্ষানীতি তে যদি কিছু ভুলভাল বা তত্ত্বগত বা কিছু সংশোধন প্রয়োজন, সেগুলো অবশ্যই করা জরুরী আধুনিক শিক্ষার দিকে তাকিয়ে।

# কালভার্টের নীচে থেকে দুই বন্ধুর মৃতদেহ উদ্ধার,চাঞ্চল্য এলাকা জুড়ে

**পার্থ ঝা,মালদা**

রাতভর নিখোঁজের পর সকালে কালভার্টের নিচে জলাশয় থেকে দুই বন্ধুর নিথর দেহ উদ্ধার। মোটর বাইক সমেত দুই বন্ধুর মৃতদেহ উদ্ধারের ঘটনায় রবিবার জোর চাঞ্চল্য ছড়াল মালদার মোথাবাড়ি এলাকায়। জানা গেছে, মৃত দুই বন্ধুর মধ্যে একজনের নাম রাজু ঘোষ। বয়স ২৭ বছর। এবং অপরজনের নাম বিবেক মন্ডল। বয়স ৩০ বছর। দুজনেরই বাড়ি মালদার মোথাবাড়ি থানার মোথাবাড়ি মন্ডলপাড়া এলাকায়। রাজু পেশায় ছিলেন এক বেসরকারি ফাইনান্স কোম্পানীর কর্মী এবং রাজু ২০১৭ সালে টেট পরীক্ষায় পাশ করে চাকুরির চেষ্টা করছিলেন। তাদের পরিবার সূত্রে খবর, শনিবার রাতে দুই বন্ধু মিলে একটি বাইক চেপে বাড়ি থেকে বাইরে বের হন। কিন্তু রাতে আর বাড়ি ফেরেন নি।রবিবার সকালে মোথাবাড়ির শম্ভু মোড়ে কালভার্টের নিচের জলাশয়ে তাদের মৃতদেহ ভাসতে দেখেন স্থানীয়রা। এই খবর জানাজানি হতেই এলাকায় জোর চাঞ্চল্য তৈরি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যান মোথাবাড়ির বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী সাবিনা ইয়াসমিন। পরে মোথাবাড়ি থানার পুলিশ গিয়ে কালভার্টের জলাশয় থেকে তাদের মৃতদেহ উদ্ধার করে। সেই সঙ্গে তাদের মোটর বাইকটিও জলাশয় থেকে উদ্ধার হয় বলে খবর। প্রাথমিকভাবে পুলিশের অনুমান বাইক দুর্ঘটনার ফলে এই ঘটনা ঘটেছে। যদিও মৃতদের পরিবারবর্গ খুনের আশঙ্কা করছেন। তবে সঠিক কী ঘটনা ঘটেছে তা খতিয়ে দেখতে মোথাবাড়ি থানার পুলিশ দেহ দুটি ময়নাতদন্তে পাঠিয়ে ঘটনার তদন্ত শুরু করে বলে জানা গেছে।







# ফালাকাটা স্টেশন চত্বর থেকে-ব্রাউন সুগার সহ গ্রেপ্তার যুবক

**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**



এবার ফালাকাটা স্টেশন চত্বর থেকে-ব্রাউন সুগার সহ মাদক পাচারকারী গ্রেপ্তার।ওই যুবকের কাছ থেকে ২০৩গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করতে সক্ষম হয় ফালাকাটা থানার পুলিশ।ফালাকাটায়

ক্রমশই যেন মাদক পাচারকারীদের নিশানা হয়ে দাঁড়িয়েছে।অন্যদিকে মাদক পাচারকারীদের তৎপরতাকে রুখে দিতে ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্যের নেতৃত্বে সাদা পোশাকের পুলিশ ইতিমধ্যে ফালাকাটার বিভিন্ন প্রান্তে প্রতিনিয়ত অভিযান চালিয়ে যাচ্ছেন।সাদা পোশাকের পুলিশের মূল লক্ষ ব্রাউন সুগার সহ মাদক পাচারকারীদের টার্গেট নষ্ট করে তাদের গ্রেপ্তার করা।শনিবার পুলিশের গোপন সূত্রের খবরের ভিত্তিতে ফালাকাটা স্টেশন এলাকা থেকে শমসের মিয়া(২১)নামে এক যুবককে গ্রেফতার করেছে। তিনি মালদা জেলার কালিয়াচক থানার গোপালনগরের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গিয়েছে,ধৃতের কাছ থেকে ২০৩গ্রাম ব্রাউন সুগার উদ্ধার করা হয়েছে।এই ঘটনায় ফালাকাটা থানায় এনডিপিএস আইনে মামলা রুজু করা হয়েছে। ফালাকাটা থানার আইসি অভিষেক ভট্টাচার্য জানান,ধৃতকে আদালতে তুলে পুলিশ রিমান্ডে নিয়ে তদন্ত করা হবে।আইসি অভিষেক ভট্টাচার্য আরো জানান,ফালাকাটাকে মাদকমুক্ত করে সুস্থ সমাজ গড়ে তোলাই ফালাকাটা থানার পুলিশের লক্ষ।

(১ম পাতার পর)

# চাইবাসায় এনকাউন্টারে খতম মাওবাদী নেতা অমিত

দেশের বাকি অংশেও লাগাতার অভিযান চালাচ্ছে নিরাপত্তা বাহিনী। সেই অভিযানের জেরে ব্যাকফুটে যাওয়া মাওবাদীরা এবার নিশানা করতে শুরু করেছে সাধারণ গ্রামবাসীদের। এনকাউন্টারের পর গোটা এলাকা ঘিরে ফেলে তল্লাশি চালায় বাহিনী।

কয়েকদিন আগে দু'জন পুলিশকর্মী নিহত হন মাওবাদীদের সঙ্গে গুলির লড়াইয়ে। গুরুতর আহত হন একজন। এরপরই গত ৩ সেপ্টেম্বর মধ্যরাতে ফের শুরু হয় গুলির লড়াই। আসলে আগে থেকেই খবর ছিল মাও নেতা শশীকান্ত গাঞ্জু, যার মাথার দামও ১০ লাখ, সম্ভবত ওই পথ দিয়ে নিজের গ্রাম কেদালে যেতে পারে করম উৎসবে যোগ দিতে। জঙ্গল ঘিরে ফেলে বাহিনী। টের পেয়ে শশীকান্ত ও তার সঙ্গীরা গুলি চালাতে থাকে। পালটা গুলি চালায় বাহিনীও। আর সেই লড়াইয়েই খতম হয় অমিত। তিনজন পুলিশকর্মী আহত হন। সঙ্গে সঙ্গে তাঁদের ডালটনগঞ্জের মেদিনীরাই মেডিক্যাল কলেজে ভর্তি করানো হয়। চিকিৎসকরা দু'জনকে মৃত বলে ঘোষণা করেন। এখনও শশীকান্তের সন্ধান মেলেনি। এলাকায় এখনও তল্লাশি চালানো হচ্ছে বলে জানা গিয়েছে।

# এইবারেও দুর্নীতি হবে না তো?
# পরীক্ষা দিয়ে বেরিয়ে জানালেন পরীক্ষার্থীরা

**বেবি চক্রবর্তী: কলকাতা**

নির্বিঘ্নেই শেষ হল এসএসসি-র প্রথম দিনের পরীক্ষা। বেলা দেড়টা নাগাদ উত্তরপত্র জমা দিয়ে ধীরে ধীরে পরীক্ষা কেন্দ্র থেকে বেরিয়ে আসেন পরীক্ষার্থীরা। তবে বিশেষভাবে সক্ষমদের দেওয়া হয়েছে বাড়তি ৩০ মিনিট। তাদের জন্য সময় দুপুর ২টো পর্যন্ত।রবিবারের এই চাকরির পরীক্ষা শুধুই পরীক্ষার্থীদের জন্য ছিল না।

ন'বছর পর এটা এসএসসি-র কাছেও একটা বড় পরীক্ষার থেকে কম নয়। কারণ, দুর্নীতির দাগ মুছতে কিছুটা হলেও সাহায্য করবে এই নিয়োগ। কেমন গেল পরীক্ষা? উত্তরপত্র জমা দেওয়ার পর ধীরে ধীরে পরীক্ষা কেন্দ্র থেকে বেরিয়ে আসতে দেখা যায় পরীক্ষার্থীদের। প্রত্যেকের হাতেই প্রশ্নপত্র ও OMR শিটের কার্বন কপি। এবারের নিয়োগ প্রক্রিয়ায় এই কার্বন কপি নব্য সংযোজন।

শিটের কার্বন কপিও পেয়েছি। কিন্তু নিয়োগ একেবারে দুর্নীতি মুক্ত হবে বলে তো মনে হয় না।' ওএমআর শিট তো মিলল, কিন্তু ইন্টারভিউ, তা কি স্বচ্ছভাবে হবে?

# উপরাষ্ট্রপতি নির্বাচনে জোরদার লড়াই



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মাঝে আর মাত্র একটা দিন। আগামী মঙ্গলবার, ৯ সেপ্টেম্বর উপরাষ্ট্রপতি নির্বাচন। জগদীপ ধনকড়ের ছেড়ে যাওয়া আসনে কে বসবেন, তা ঠিক হয়ে যাবে ওইদিনই। লড়াইয়ে যুযুধান দু'পক্ষ - এনডিএ প্রার্থী মহারাষ্ট্রের প্রাক্তন রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণণ এবং বিরোধী ইন্ডিয়া জোটের হয়ে লড়ছেন প্রাক্তন বিচারপতি, অন্ধ্রের ভূমিপুত্র বি সুদর্শন রেড্ডি। রবিবার সোশাল মিডিয়ায় পোস্টে মিম সুপ্রিমো আসাদউদ্দিন ওয়েইসি জানিয়েছেন, তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডি তাঁকে অনুরোধ জানিয়েছিলেন, উপরাষ্ট্রপতি নির্বাচনে বিরোধী জোটের প্রার্থীকে সমর্থন করার জন্য। সেই অনুরোধ মেনে এবং কেন্দ্র বিরোধী জোট আরও শক্তিশালী করার উদ্দেশে 'হায়দরাবাদী', প্রাক্তন বিচারপতি সুদর্শন রেড্ডির পক্ষেই দাঁড়ালেন বলে জানিয়েছেন ওয়েইসি। পালটা তাঁকে ধন্যবাদ জানিয়েছেন মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডি। ওয়েইসির এই পদক্ষেপ জাতীয় স্তরে বিরোধীদের লড়াইকে আরও শক্তিশালী করবে বলে মনে করছেন তিনি। ইতিমধ্যে রেড্ডিকে সমর্থন জানিয়েছেন বিরোধী ৬টি দল। আর নির্বাচনের একদিন আগে দলের তরফে তাঁকে সমর্থনের কথা ঘোষণা করলেন মিম সুপ্রিমো

এরপর ৪ পাতায়

# সম্পাদকীয়

## অধিক জিএসটি হ্রাস মূলতঃ সমবায়, কৃষক এবং গ্রামীণ উদ্যোগকে উৎসাহিত করার জন্য

এক যুগান্তকারী সিদ্ধান্তে, কেন্দ্র সমবায়, কৃষক, গ্রামীণ উদ্যোগের উপর সরাসরি প্রভাব ফেলবে এবং দেশের ১০ কোটিরও বেশি দুগ্ধ চাষীদের উপকৃত করবে এমন গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিতে পণ্য ও পরিষেবা কর (জিএসটি) ব্যাপক হারে হ্রাসের ঘোষণা করেছে। এই সংস্কারগুলি সমবায় ক্ষেত্রকে শক্তিশালী করবে, তাদের পণ্যগুলিকে প্রতিযোগিতামূলক করবে, তাদের পণ্যের চাহিদা বাড়বে এবং সমবায়গুলির আয় বৃদ্ধি করবে। এটি গ্রামীণ শিল্পোদ্যোগীদের উৎসাহিত করবে, খাদ্য প্রক্রিয়াকরণ ক্ষেত্রে সমবায়গুলিকে উৎসাহিত করবে এবং লক্ষ লক্ষ পরিবারের জন্য প্রয়োজনীয় পণ্যের সাশ্রয়ী মূল্যে কেনাকাটা সুনিশ্চিত করবে। এই জিএসটি হার হ্রাস কৃষি ও পশুপালনে সমবায়গুলিকে উপকৃত করবে, টেকসই কৃষি-অনুশীলনকে উৎসাহিত করবে এবং ছোট কৃষক এবং এফপিওগুলিকে উপকৃত করবে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীজির নেতৃত্বে আনা #NextGenGST সংস্কারগুলি আমুলের মতো বৃহৎ সমবায় ব্র্যান্ড সহ সমগ্র দুগ্ধ সমবায় ক্ষেত্র দ্বারা প্রশংসিত হয়েছে।

দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন ক্ষেত্রে, কৃষক এবং ভোক্তাদের সরাসরি স্বস্তি দিয়েছে, কারণ দুধ এবং পনির, ব্র্যান্ডেড বা আনব্র্যান্ডেড, জিএসটি থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। মাখন, ঘি এবং অনুরূপ পণ্যের উপর কর ১২% থেকে কমিয়ে ৫% করা হয়েছে এবং লোহা, ইস্পাত বা অ্যালুমিনিয়াম দিয়ে তৈরি দুধের ক্যানের উপরও জিএসটি ১২% থেকে কমিয়ে ৫% করা হয়েছে।

এই পদক্ষেপগুলি দুগ্ধজাত পণ্যগুলিকে আরও প্রতিযোগিতামূলক করে তুলবে, দুগ্ধ চাষীদের সরাসরি স্বস্তি দেবে এবং মহিলাদের নেতৃত্বাধীন গ্রামীণ শিল্পোদ্যোগগুলিকে, বিশেষ করে দুগ্ধ প্রক্রিয়াকরণে নিযুক্ত স্বনির্ভর গোষ্ঠীগুলিকে শক্তিশালী করবে। সাশ্রয়ী মূল্যের দুগ্ধজাত পণ্যগুলি পরিবারের জন্য প্রয়োজনীয় প্রোটিন এবং চর্বির উৎসগুলিকে আরও সাশ্রয়ী করে পুষ্টি সুরক্ষা বৃদ্ধি করবে এবং দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন ক্ষেত্রে সমবায়গুলির আয় বৃদ্ধি করবে।

খাদ্য প্রক্রিয়াকরণ এবং গৃহস্থালীর জিনিসপত্রের ক্ষেত্রে, পনির, নমকিন, মাখন এবং পাস্তার উপর জিএসটি ১২% বা ১৮% থেকে কমিয়ে ৫% করা হয়েছে, যেখানে জ্যাম, জেলি, ইস্ট, ভুজিয়া এবং ফলের পাল্প বা জুস-ভিত্তিক পানীয়ের উপর এখন ৫% কর আরোপ করা হয়েছে। চকোলেট, কর্ন ফ্লেক্স, আইসক্রিম, পেস্ট্রি, কেক, বিস্কুট এবং কফির উপরও ১৮% থেকে কমিয়ে ৫% করা হয়েছে।

জিএসটি কমানোর ফলে খাদ্যপণ্যের উপর পারিবারিক ব্যয় হ্রাস পাবে, আধা-শহুরে এবং গ্রামীণ এলাকায় চাহিদা বৃদ্ধি পাবে এবং খাদ্য প্রক্রিয়াকরণ এবং দুধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন সমবায় ক্ষেত্রে প্রবৃদ্ধি বৃদ্ধি পাবে। এটি খাদ্য প্রক্রিয়াকরণ, দুধ প্রক্রিয়াকরণ সমবায় এবং বেসরকারি দুগ্ধ শিল্পকে আরও উৎসাহিত করবে, যার ফলে কৃষকদের আয় বৃদ্ধি পাবে।

# আদিশক্তি





**মৃত্যুঞ্জয় সরদার**
**(পনেরোতম পর্ব)**

বলেন রাজা বসন্ত রায়) আদি গঙ্গার তীরে একটি ছোট কালী মন্দির নির্মাণ করে দেন।

এরপর ১৫০০ শতাব্দীতে কালীক্ষেত্র দীপিকা নামে একটি বই থেকে জানা যাচ্ছে এই সময়ে কালীঘাটের আশেপাশের অঞ্চলে ছড়িয়ে ছিটিয়ে মানুষের বসবাস ছিল। কালীঘাট তখন নানারকম বৃক্ষ ও লতায় আচ্ছন্ন গভীর জঙ্গল। মন্দিরের লাগোয়া একটা সরু রাস্তা দিয়ে হেঁটে সাধু সন্ন্যাসীরা গঙ্গা সাগরে যেত। পরবর্তী সময়ে রাস্তাটির নাম হয় রসা রোড।

আবার ষোড়শ শতাব্দীর (১৫৭৪ - ১৬০৪) শেষভাগে কবিকঙ্কণ মুকুন্দরামের

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(৩ পাতার পর)

# উপরাষ্ট্রপতি নির্বাচনে জোরদার লড়াই

আসাদউদ্দিন ওয়েইসি। রবিবার এনিয়ে নিজের এক্স হ্যান্ডলে পোস্ট করেছেন তিনি। বিরোধী প্রার্থীকে সমর্থনের জন্য ওয়েইসিকে ধন্যবাদ জানিয়েছেন তেলেঙ্গানার মুখ্যমন্ত্রী রেবন্ত রেড্ডি।গত জুলাইতে সংসদের বাদল অধিবেশন শেষের দিন দুই আগে আচমকাই উপরাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান পদ থেকে ইস্তফা দেন জগদীপ ধনকড়। রাষ্ট্রপতিকে পাঠানো পদত্যাগপত্রে তিনি শারীরিক অসুস্থতার কথা জানিয়েছিলেন। তাঁর শূন্যপদ পূরণের জন্য ৯ সেপ্টেম্বর নির্বাচনের আয়োজন করা হয়। কেন্দ্রের এনডিএ সরকারের তরফে প্রার্থী হিসেবে ঘোষণা করা হয় মহারাষ্ট্রের প্রাক্তন রাজ্যপাল সিপি রাধাকৃষ্ণণের নাম। একদিন পরই বিরোধী ইন্ডিয়া জোট কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের বাড়িতে বৈঠক করে সর্বসম্মতিক্রমে তাঁদের প্রার্থী ঠিক করে। উপরাষ্ট্রপতি নির্বাচনে ইন্ডিয়া জোটের প্রার্থী প্রাক্তন বিচারপতি, অন্ধ্রের ভূমিপুত্র বি সুদর্শন রেড্ডি। তাঁকে ইতিমধ্যে সমর্থন জানিয়েছে এনসিপি (শরদ পওয়ার), সমাজবাদী পার্টি, ডিএমকে, শিব সেনা, আপ, তৃণমূল। এবার সমর্থন জানাল অল ইন্ডিয়া মজলিস-ই-ইত্তেহাদুল মুসলিমিন বা মিম।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

সম্বরের রং নীল, মুখ একটি ও হাত দুইটি। ইনি আলীঢ়াসনের ভৈরবের সহিত কালরাত্রিকে পদদলিত করেন এবং ইঁহার আকৃতি ভয়ঙ্কর এবং অশেষ ভীতিপ্রদ। ইনি বজ্রবারাহীর সহিত আলিঙ্গিত অবস্থায় প্রকাশিত হন। **ক্রমশঃ**


## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কত জন শিক্ষক নিয়োগ করবে এসএসসি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



**কলকাতা:** দীর্ঘ ৯ বছর পর রাজ্যে হল এসএসসি। নির্বিঘ্নেই হল স্কুল সার্ভিস কমিশনের পরীক্ষা। নবম দশম শ্রেণির পরীক্ষায় বসেছিল ৩ লক্ষেরও বেশি পরীক্ষার্থী। সুপ্রিম কোর্টের নির্দেশে শুধু যোগ্য চাকরিহারা এবং নতুন পরীক্ষার্থীরা এবার পরীক্ষা দিলেন। ৯০ মিনিট ধরে চলে পরীক্ষা।রাজ্যের মোট ৬৩৬ টি কেন্দ্রে কড়া নিরাপত্তার মধ্যে দিয়ে চলেছে পরীক্ষা। সকাল দশটার মধ্যে পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে চলে আসতে বলা হয়েছিল। কলকাতায় ৪১ টি কেন্দ্রে হয়েছে পরীক্ষা। এই সময় যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে তার জন্য কড়া ব্যবস্থা নেওয়া হয়েছিল। নিরাপত্তায় মুড়ে ফেলা হয়েছিল পরীক্ষা কেন্দ্রগুলোকে। নির্বাচন স্বচ্ছ করার জন্য প্রস্তুত ছিল প্রশাসন। প্রতিটি জেলায় অতিরিক্ত জেলাশাসক পদমর্যাদার আধিকারিকদের পরীক্ষা পরিচালনার দায়িত্বভার দেওয়া হয়েছিল।৬৩৬টি কেন্দ্রে পরীক্ষা হয়। ভিনরাজ্যের পরীক্ষার্থীরাও পশ্চিমবঙ্গে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছিলেন। পরীক্ষার্থীরা জানিয়েছেন প্রশ্ন সহজ আসায় পরীক্ষা ভাল হয়েছে। এবারের নিয়োগ দুর্নীতিমুক্তভাবে হবে বলেই আশাবাদী নতুন পরীক্ষার্থীরা। আগামী ১৪ সেপ্টেম্বর হবে একাদশ দ্বাদশ শ্রেণির নিয়োগ পরীক্ষা। ওই দিনও পরীক্ষায় বসবেন ২ লক্ষ ৪৬ হাজার প্রার্থী। পরীক্ষা তো দিলেন, জানেন কি নবম-দশমে কতজন শিক্ষক নিয়োগ হতে চলেছে?

স্কুল সার্ভিস থেকে প্রাপ্ত তথ্য বলছে নবম-দশমে মোট ২৩,২১২ সহকারী শিক্ষক নেওয়া হবে। এর মধ্যে বাংলায় শিক্ষক নেওয়া হবে ৩০২৪ জন। ইংরাজির জন্য শূন্যপদ রয়েছে ৩৩৩৬টি। অঙ্কে নেওয়া হবে ৩৯২২ জন শিক্ষক। ইতিহাসে নেওয়া হবে ২১৪৯ জন শিক্ষক। ভূগোলে নেওয়া হবে ১৮৪০ জন শিক্ষক। জীবন বিজ্ঞানে নেওয়া হবে ৩৯১১ জন শিক্ষক। ভৌত বিজ্ঞানে নেওয়া হবে ৪৩৫২ জন শিক্ষক। পাশাপাশি হিন্দিতে নেওয়া হবে ৪৭১ জন শিক্ষক। উর্দুতে নেওয়া হবে ১৮৪ জন শিক্ষক। নেপালিতে ১৭ জন। তেলেগুতে নেওয়া হবে ৬ শিক্ষক।

স্কুল সার্ভিস কমিশন জানিয়েছে পরীক্ষার পর প্রথমে ওএমআর শিট চেক করা হবে। তারপরই অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতার বিচারে প্রাপ্ত নম্বর যুক্ত হবে ওএমআর থেকে প্রাপ্ত নম্বরের সঙ্গে। এখানেই শেষ নয়। এরপর মৌখিক পরীক্ষা নম্বর দেওয়া হবে। তারপর হবে লেকচার ডেমনস্ট্রেশন। তার ভিত্তিতে দেওয়া হবে নম্বর। এবার জানা যাক খাতা দেখবেন কারা? সূত্র মারফত খবর, মূল পরীক্ষার পরে বাছাই করা লিস্ট খতিয়ে দেখবে এসএসসি-র আঞ্চলিক অফিসগুলি। আঞ্চলিক অফিসের রিপোর্টের ভিত্তিতে ইন্টারভিউ লিস্ট বানাবে এসএসসি।

# মুম্বইয়ে গণপতি বিসর্জনে ভয়াবহ দুর্ঘটনা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বিসর্জনের শোভাযাত্রা চলাকালীন ভয়াবহ দুর্ঘটনা। বিদ্যুৎপৃষ্ট হয়ে মৃত্যু হল এক যুবকের। ঘটনায় আহত হয়েছেন আরও ৫ জন। রবিবার সকালে চাঞ্চল্যকর এই ঘটনা ঘটেছে মহারাষ্ট্রের মুম্বইয়ে। মৃত যুবকের নাম বিনু সুকুমারণ। আহত ৫ জন হাসপাতালে চিকিৎসাধীন।উল্লেখ্য, গণপতি উৎসবের অন্যতম পীঠস্থান মহারাষ্ট্র। পুজো শেষের পর চলছে প্রতিমা বিসর্জন। যার জেরে একাধিক জায়গায় দুর্ঘটনার খবর সামনে এসেছে। সম্প্রতি পালঘরে প্রতিমা বিসর্জনে গিয়ে ৩ জন সমুদ্রে ভেসে যান। যদিও পরে তাঁদের উদ্ধার করা হয়। বিসর্জনে কোনওরকম দুর্ঘটনা এড়াতে কোমর বেঁধে নেমেছে উপকূলরক্ষীবাহিনীর হেলিকপ্টার। মুম্বই পুলিশ ড্রোনের মাধ্যমে নজরদারি চালিয়ে যাচ্ছে। গত মঙ্গলবার রাত ১২টা নাগাদ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে ছত্তিশগড়ে। অন্তত ১৫০ জনের এক শোভাযাত্রা চলাকালীন একটি বোলেরো গাড়ি নিয়ন্ত্রণ হারিয়ে হঠাৎ ভিড়ের মধ্যে ঢুকে পড়ে। এই দুর্ঘটনায় ২ জনের মৃত্যু হয়। পাশাপাশি আহত হন আরও ২২ জন।পুলিশ সূত্রে জানা গিয়েছে, গণেশ বিসর্জন উপলক্ষে প্রতিমা গাড়িতে নিয়ে সাকিনাকা এলাকা দিয়ে যাচ্ছিল একটি শোভাযাত্রা।পথে মূর্তিটি বিদ্যুতের তারের সংস্পর্শে আসে। ঘটনায় আহত হন ৬ জন। তড়িঘড়ি তাঁদের উদ্ধার করে স্থানীয় হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা বিনুকে মৃত বলে ঘোষণা করেন। বাকিরা চিকিৎসাধীন। এই দুর্ঘটনার তথ্য প্রকাশ্যে এনেছে বৃহন্মুম্বই পুরসভা (BMC)। জানানো হয়েছে, দুর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। বাকিরা একটি বেসরকারি হাসপাতালে ভর্তি। তাঁদের অবস্থা স্থিতিশীল বলেই জানা গিয়েছে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Bandhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফামেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফামেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফামেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফামেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফামেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# যুক্তরাষ্ট্রে জাতিসংঘের অধিবেশনে যাচ্ছেন না মোদি

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এ বছর জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিচ্ছেন না ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এর বদলে ভারতের প্রতিনিধিত্ব করতে পারেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর। শুক্রবার প্রকাশিত সংশোধিত প্রাথমিক বক্তাদের তালিকায় এ তথ্য দেয়া হয়েছে।

৮০তম অধিবেশন আনুষ্ঠানিকভাবে শুরু হবে ৯ সেপ্টেম্বর। তবে উচ্চপর্যায়ের সাধারণ বিতর্ক চলবে ২৩-২৯ সেপ্টেম্বর পর্যন্ত। প্রচলিত নিয়ম অনুযায়ী প্রথম বক্তা থাকবেন ব্রাজিল, এরপর বক্তব্য রাখবেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।



তিনি দ্বিতীয় মেয়াদে হোয়াইট হাউসে দায়িত্ব নেয়ার পর এটাই হবে জাতিসংঘে তার প্রথম ভাষণ।

তালিকা অনুযায়ী, ভারতকে প্রতিনিধিত্ব করবেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী এস. জয়শঙ্কর। তিনি ২৭ সেপ্টেম্বর সাধারণ বিতর্কে বক্তব্য রাখবেন। যদিও গত জুলাই মাসে প্রকাশিত তালিকায় উল্লেখ ছিল, নরেন্দ্র মোদি ২৬ সেপ্টেম্বর ভাষণ দেবেন। তবে সংশোধিত তালিকায় পরিবর্তন আনা হয়েছে। ২৬ সেপ্টেম্বর সাধারণ বিতর্কে ভাষণ দেয়ার সূচিতে আছেন ইসরায়েল, চীন, পাকিস্তান এবং বাংলাদেশের সরকারপ্রধানেরা।

ভারতের প্রধানমন্ত্রী মোদি চলতি বছরের ফেব্রুয়ারিতে দ্বিপক্ষীয় বৈঠকে যোগ দিতে যুক্তরাষ্ট্র সফর করেন। তখন ওয়াশিংটনে হোয়াইট হাউসে প্রেসিডেন্ট ট্রাম্পের সঙ্গে তার বৈঠক হয়। তবে এরই মধ্যে ট্রাম্প প্রশাসন ভারতের ওপর মোট ৫০ শতাংশ শুল্ক আরোপ করেছে, যার মধ্যে রাশিয়ার কাছ থেকে দিল্লির অপরিশোধিত তেল আমদানি করায় অতিরিক্ত ২৫ শতাংশ কর আরোপ করা হয়েছে।

# জোট গড়তে অতীত থেকে শিক্ষা নিতে চাইছে সিপিএম

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভোটের আর খুব বেশি বাকি নেই। জোট নিয়ে দুই শিবিরেই নড়াচড়া শুরু হয়েছে। চাপানউতোর চলছে রাজনৈতিক মহলে। তবে শেষ পর্যন্ত পরখ করে আইএসএফের সঙ্গে জোট করতে চাইছে সিপিআইএম! কারণ, তাদের বারবার মনে মনে পড়েছে ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রে দাঁড়াবে বলেও নওশাদ সিদ্দিকীর পিছিয়ে আসা।কিন্তু কেউ দাঁড়ালে সব সমীকরণ উল্টে যাবে অথবা পাল্টে যাবে এভাবে দেখাটা উচিত নয়।" জোটের বিষয়ে সিদ্ধান্তটা শেষ পর্যন্ত ঘোষণা করবেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। সুজন যদিও বলছেন তাঁদের হাতে এখনও বেশ কিছুটা সময় বাকি আছে। ফলে



এখনই জোট নিয়ে বলার সময় আসেনি বলছেন সুজন। প্রসঙ্গত জোটের বিষয়ে দ্রুত পদক্ষেপ করতে আর্জি জানিয়ে দিন পনেরো আগেই বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসুকে চিঠি দিয়েছিলেন আইএসএফ চেয়্যারম্যান নওশাদ সিদ্দিকী। এদিকে আবার কংগ্রেসের সঙ্গে জোট নিয়েও বামেদের শরিক দলগুলির মধ্যেও চাপানউতোর চলছে। এখন দেখার শেষ পর্যন্ত জল কোনদিকে গড়ায়।ডায়মন্ড হারবার নিয়ে নওশাদ সিদ্দিকীর ভূমিকাকে ভুলতে পারছে না সিপিআইএম। অতীত ধরে পড়ে না থাকলেও কিছু অতীত ভুলতে চায় না সিপিআইএম। এমনটাই মিলছে খবর। এবার তাই আগেভাগেই এগোনো নয়।

জোটে পরখ করে এগোতে চায় সিপিআইএম! সেই ইঙ্গিত মিলছে সিপিআইএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তীর মন্তব্যেও।সুজন চক্রবর্তী যেমন বলছেন, "নওশাদ সিদ্দিকী নিজে থেকেই ডায়মন্ড-হারবারে দাঁড়ানোর কথা ঘোষণা করে দিয়েছিলেন। আমরা সবাই হ্যাঁ বলেছিলাম। তারপর দেখা গেল উনি আর দাঁড়ালেন না।

তাই অতীতটাকে খেয়াল রাখতে হয় যাতে বর্তমানে অতীতের মতো অভিজ্ঞতা না হয়। এটা বলে ভবিষ্যতের জন্য সুবিধা হবে। ফলে কে কী বলছেন এটার ভিত্তিতে মত দেওয়ার কোনও মানে নেই। প্রত্যেকেই সাবালক।

# কাঁকসা ট্রাফিক গার্ডের পক্ষ থেকে হেলমেট বিতরণ করা হলো



**বেবি চক্রবর্তী**

কাঁকসা ট্রাফিক গার্ডের পক্ষ থেকে হেলমেট বিতরণ করা হলো আজ বিকালে। এদিন কাঁকসা হসপিটাল মোড় আন্ডার পাশে কাঁকসা ট্রাফিক গার্ডের আধিকারিকেরা এলাকার মানুষকে সচেতন করতে রাস্তায় নামেন পাশাপাশি প্রায় ১০০ জনকে হেলমেট বিনামূল্যে বিতরণ করলেন তাদের উদ্দেশ্য একটাই রাস্তায় বেরোলেই সেফ ড্রাইভ সেভ লাইফ এর নিয়ম পালন করুন এবং দুর্ঘটনায় সুরক্ষিত রাখতে হেলমেট ব্যবহার করুন । শুধু কাঁকসার পানাগরে নয় কাঁকসা থানার বিভিন্ন জায়গায় মুচিপাড়া মোড় মলানদিঘি ১১ মাইল ও তিলোকচন্দ্রপুরে কাঁকসা ট্রাফিক গার্ডের পক্ষ থেকে হেলমেট বিতরণ করা হয়। এদিনের অনুষ্ঠান উপস্থিত ছিলেন কাঁকসা ট্রাফিক গার্ডের ওসি অনুপ হাটি , কাঁকসা পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ পিরু আলম খান, এ.এস.আই অরবিন্দ গোস্বামী সহ ট্রাফিক গার্ডের অন্যান্য আধিকারিক ও সিভিক ভলেন্টিয়াররা।

# সিনেমার খবর

## শাহিদের সঙ্গে বিচ্ছেদের কারণ জানালেন কারিনা

স্টাফ রিপোর্টার, রোজদিন

অনেকে ধরেই নিয়েছিলেন যে শাহিদ কাপুরকেই বিয়ে করবেন কারিনা কাপুর। যেভাবে তাদের প্রেমের গুঞ্জন ছড়িয়ে পড়েছিল গোটা বলিউডে, তা শুনে কারিনা ও শাহিদের পরিবারও এই বিয়ে নিয়ে মোটামুটি ভাবতে শুরু করেছিলেন। বিশেষ করে কারিনা ও শাহিদের চুমুর ভিডিও ভাইরাল হতেই তাদের প্রেম যেন আরও প্রকট হয়ে ওঠে।

কিন্তু হঠাৎই অঘটন। রাতারাতি শাহিদের সঙ্গে বিচ্ছেদ করেন কারিনা। তখন সবে দুজনে শুরু করেছেন, 'জব উই মেট' সিনেমার শুটিং। আর তার মাঝেই এই বিচ্ছেদ কাণ্ড! কিন্তু এই বিচ্ছেদের খবর সবাই জানলেও, এর নেপথ্যের



কারণটা অজানা ছিল বহুদিন। তবে সম্প্রতি কারিনাই এক সাক্ষাৎকারে স্পষ্ট জানালেন, এই শাহিদের সঙ্গে বিচ্ছেদ করার কারণ।

সাইফ আলী খানের সঙ্গে বিয়ে হওয়ার পর পরই শাহিদের সঙ্গে প্রেম প্রসঙ্গে কারিনা জানিয়েছিলেন, তিনি অতীত নিয়ে কথা বলতে চান না। বিশেষ করে শাহিদ নিয়েই তো একেবারেই নয়। কারিনার এমন বক্তব্যে জল্পনা শুরু হয়। নিন্দুকদের মুখে নানান প্রশ্ন, কী এমন হয়েছে, যে কারিনা এই বিষয়ে মুখ খুলছেন না।

শেষমেশ সম্প্রতি নিজেই স্পষ্ট করলেন। কারিনা জানান, শাহিদ বন্ধু হিসেবে ভালো। কিন্তু ওর ইগো বড্ড বেশি, যা কিনা সমস্যা সৃষ্টি করেছিল। তবে শাহিদের এখন অনেক পরিবর্তন হয়েছে। ওরা ভালো থাকুক, সুখে থাকুক।

## প্রতারণার অভিযোগে শাহরুখ-দীপিকার বিরুদ্ধে মামলা

স্টাফ রিপোর্টার, রোজদিন

আইনি জটে বলিউডের দুই তারকা। প্রতারণার অভিযোগে বলিউড সুপারস্টার শাহরুখ খান এবং জনপ্রিয় অভিনেত্রী দীপিকা পাড়ুকোনের বিরুদ্ধে থানায় মামলা দায়ের হয়েছে। হুন্দাই আলকাজার গাড়ি সংক্রান্ত এক প্রতারণা মামলায় এই দুই বলিউড তারকা ছাড়াও হুন্দাই মোটরের ছয়জন কর্মকর্তাকে অভিযুক্ত করা হয়েছে।

রাজস্থানের ভরতপুর জেলার বাসিন্দা কীর্তি সিং নামের এক ব্যক্তি এই মামলা করেছেন বলে জানা গেছে। মামলার অভিযোগপত্র অনুযায়ী, ২০২২ সালের জুন মাসে কীর্তি সিং হুন্দাই আলকাজার গাড়িটি কিনেছিলেন। তিনি দাবি করেন, গাড়িটি ছিল ত্রুটিপূর্ণ এবং



ইচ্ছাকৃতভাবেই ত্রুটিযুক্ত গাড়ি বিক্রি করে তাকে প্রতারিত করা হয়েছে। বহুবার অভিযোগ জানানো সত্ত্বেও গাড়ির সমস্যার সমাধান হয়নি বলে দাবি করেন তিনি। তিনি জানান, 'এটি আমার পরিবারকে জীবনের ঝুঁকিতে ফেলেছে।'

কীর্তি সিংয়ের অভিযোগ, শাহরুখ খান এবং দীপিকা পাড়ুকোন হুন্দাইয়ের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে কোম্পানির ত্রুটিপূর্ণ গাড়ির প্রচার ও ব্র্যান্ডিংয়ে অংশ নিয়েছেন। এই কারণে তাদেরকেও অভিযুক্ত হিসেবে মামলায় অন্তর্ভুক্ত করা হয়েছে। এদিকে ১৯৯৮ সাল থেকে হুন্দাইয়ের ব্র্যান্ড অ্যাম্বাসেডর শাহরুখ খান। অন্যদিকে ২০২৩ সালে কোম্পানিটির ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে নিযুক্ত হন দীপিকা।

কীর্তি সিং জালিয়াতির বিষয়টি নিয়ে আদালতে অভিযোগ করেছিলেন। এরপর, অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত ২-এর নির্দেশে, মথুরা গেট থানায় একটি আবেদনের মাধ্যমে মামলা দায়ের করা হয়েছে। পুলিশ এই বিষয়টি নিয়ে তদন্ত শুরু করেছে কীর্তি সিংয়ের অভিযোগের প্রেক্ষিতে।

## 'মান্নাত'কে টপকে যাবে রণবীর-আলিয়ার নতুন বাড়ি!



স্টাফ রিপোর্টার, রোজদিন

মুম্বাইয়ের তারকাদের ঠিকানাগুলোর মধ্যে সবচেয়ে দামি হতে চলেছে রণবীর কাপুর ও আলিয়া ভাটের নতুন বাড়ি। বলিউডের কিংবদন্তি শাহরুখ খানের 'মান্নাত' এবং অমিতাভ বচ্চনের 'জলসা'-কে পিছনে ফেলে এই বাড়ির মূল্যায়ন প্রায় ২৫০ কোটি টাকা বলেন জানাচ্ছেন রিয়েল এস্টেট বিশেষজ্ঞরা।

বহু বছর ধরেই বান্দ্রার প্রাইম লোকেশনে গড়ে উঠছিল এই মাল্টিস্টোরেড বিলাসবহুল আবাসন। যেখানে একসময় ছিল কাপুর পরিবারের ঐতিহ্যবাহী 'কৃষ্ণা রাজ' বাংলো সেই জায়গাতেই গড়ে উঠেছে রণবীর-আলিয়ার নতুন ঠিকানা। রাজ কাপুর, কৃষ্ণা কাপুর থেকে শুরু করে ঋষি কাপুর ও নীতা কাপুর এই বাড়ির সঙ্গে জড়িয়ে আছে বলিউড ইতিহাস।

বর্তমানে শাহরুখ খানের বান্দ্রার ব্যান্ডস্ট্যান্ডে অবস্থিত বাড়ি 'মান্নাত'-এর ভ্যালুয়েশন প্রায় ২০০ কোটি টাকা (পূর্ববর্তী হিসাব অনুযায়ী)। অন্যদিকে, অমিতাভ বচ্চনের জুহুতে অবস্থিত 'জলসা'-র মূল্য প্রায় ১২০ কোটি। এক সময় জলসা ছিল সবচেয়ে দামি সেলেব ঠিকানা, পরে মান্নাত সেটিকে ছাড়িয়ে যায়।

কিন্তু এখন রণবীর-আলিয়ার নতুন বাড়ি এই দুই কিংবদন্তির ঠিকানাকেও টপকে গেল। খুব শিগগিরই পরিবার নিয়ে নতুন ঠিকানায় উঠে যাওয়ার পরিকল্পনা রয়েছে এই তারকা দম্পতির।

মুম্বাইয়ে তারকাদের রিয়েল এস্টেট বিনিয়োগ নতুন কিছু নয়। শাহরুখ খানও তাঁর পুরোনো বাড়ি কার্টার রোডের '৭০২ নম্বর' ফ্ল্যাটকে রেনোভেট করাচ্ছেন। এখানেই গৌরী খানের সঙ্গে বৈবাহিক জীবনের শুরুর সময় কাটিয়েছিলেন তিনি। পাশাপাশি মান্নাতেও চলছে মেরামতের কাজ, পরিবারসহ এখন সাময়িকভাবে থাকছেন পালি হিলের একটি বিলাসবহুল অ্যাপার্টমেন্টে।

এমন সময় অনলাইনে রণবীর-আলিয়ার নতুন বাড়ির ছবি ও ভিডিও ছড়িয়ে পড়তে শুরু করে। কিছু ভিডিওতে বাড়ির ভিতরের অংশও স্পষ্ট দেখা যায়। বিষয়টি নিয়ে বিরক্ত প্রতিক্রিয়া জানিয়েছেন আলিয়া ভাট। তিনি বলেন, অনুমতি ছাড়া এমন কনটেন্ট শেয়ার করা শুধুমাত্র অনুচিত নয় বরং এটি ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘনের সমান।

# বাবরকে এশিয়া কাপে না নেওয়ায় হতাশ ওয়াসিম আকরাম

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এশিয়া কাপ ২০২৫ শুরু হতে যাচ্ছে আগামী ৯ সেপ্টেম্বর, আয়োজক দেশ সংযুক্ত আরব আমিরাত। এই টুর্নামেন্টকে সামনে রেখে ইতোমধ্যেই পাকিস্তান তাদের স্কোয়াড ঘোষণা করেছে। তবে ঘোষিত দলে নেই দেশের অন্যতম সেরা ব্যাটার ও সাবেক অধিনায়ক বাবর আজম। এই সিদ্ধান্তে হতাশা প্রকাশ করেছেন কিংবদন্তি পেসার ওয়াসিম আকরাম।

বাবর আজম আন্তর্জাতিক টি-টোয়েন্টি ক্রিকেটে রান সংগ্রহের দিক দিয়ে দ্বিতীয় স্থানে রয়েছেন, তাকে বাদ পড়তে হয়েছে ডিসেম্বর ২০২৪-এ দক্ষিণ আফ্রিকার বিপক্ষে সিরিজের পর থেকেই টি-টোয়েন্টি দল থেকে উপেক্ষিত হয়ে আসছেন তিনি। তার ধারাবাহিক অবহেলা এবারও অব্যাহত থাকল, যা নিয়ে ক্রিকেটবিশ্বে চলছে ব্যাপক আলোচনা ও সমালোচনা।



বাবরের স্কোয়াডে অনুপস্থিতি নিয়ে হতাশা ব্যক্ত করে ওয়াসিম আকরাম বলেন,'ব্যক্তিগতভাবে আমি চাইতাম বাবর আজমকে দলে দেখতে। তবে যেহেতু তাকে রাখা হয়নি, এখন স্কোয়াডে থাকা তরুণ খেলোয়াড়দেরকেই দায়িত্ব নিতে হবে নিজেদের প্রমাণ করার।'

আকরাম আরও যোগ করেন,'এই এশিয়া কাপ হবে ক্রিকেটপ্রেমীদের জন্য এক দুর্দান্ত উৎসব। আমি আশা করি, ভারত ও পাকিস্তান আবারও টেস্ট সিরিজে মুখোমুখি হবে। অনেক দিন হয়ে গেছে এটা হলে ক্রিকেটবিশ্বের জন্য দারুণ একটি আয়োজন হবে।'"

বাবরের বাদ পড়া নিয়ে পাকিস্তানি ভক্তদের মধ্যে দেখা দিয়েছে তীব্র প্রতিক্রিয়া। অনেকেই প্রশ্ন তুলেছেন, দেশের অন্যতম ধারাবাহিক ব্যাটারকে বাদ দিয়ে কি সত্যিই দল গড়ার পরিকল্পনা বাস্তবায়ন করা সম্ভব?

উল্লেখ্য, পাকিস্তান বর্তমানে দুবাইয়ে আফগানিস্তান ও স্বাগতিক সংযুক্ত আরব আমিরাতকে নিয়ে ত্রিদেশীয় টি-টোয়েন্টি সিরিজের প্রস্তুতি শিবিরে রয়েছে। এই সিরিজ শুরু হবে ২৯ আগস্ট এবং চলবে ৭ সেপ্টেম্বর পর্যন্ত। এরপরই শুরু হবে এশিয়া কাপ।

এশিয়া কাপে পাকিস্তানের স্কোয়াড : সাইম আইয়ুব, ফখর জামান, সালমান আলি আগা (অধিনায়ক), আবরার আহমেদ, ফাহিম আশরাফ, হারিস রউফ, হাসান আলি, হাসান নওয়াজ, হোসেন তালাত, খুশদিল শাহ, মোহাম্মদ হারিস (উইকেটকিপার), মোহাম্মদ নওয়াজ, মোহাম্মদ ওয়াসিম জুনিয়র, সাহিবজাদা ফারহান, সালমান মির্জা, শাহিন শাহ আফ্রিদি, সুফিয়ান মুকিম।

# মেসির ফেরার অপেক্ষায় মায়ামি



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

লিগস কাপের সেমিফাইনালে ইন্টার মায়ামির হয়ে লিওনেল মেসি মাঠে নামবেন কিনা সেটি এখনো অনিশ্চিত। অরল্যান্ডো সিটির বিপক্ষে খেলার আগে আর্জেন্টাইন তারকা অনুশীলন করলেও ম্যাচ ডের আগে শতভাগ ফিট ফিট হলেই মাঠে নামবেন আর্জেন্টাইন মহাতারকা।

ইন্টার মায়ামি সহকারী কোচ জাভিয়ের মোরালেস বলছেন, শুধু মেসি নন, জর্ডি আলবাকে নিয়ে কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে পর্যবেক্ষণে রাখা হচ্ছে।

মোরালেস বলেন, জর্ডি ও লিও আমাদের সঙ্গে অনুশীলন করেছে। পুরো অনুশীলনেই তারা ছিল। এখন আমরা দেখবো দিনভর তাদের উন্নতিটা কেমন হয়। তার পরেই কাল একটা সিদ্ধান্ত নেব।

মেসিকে নিয়ে ইতিবাচক কথাই বলেছেন মোরালেস। তিনি বলেন, তার অনুশীলন নিয়ে আমরা খুবই ইতিবাচক। সে অন্তত দলে থাকবে এটা কল্পনা করতেই পারি।

মেসির হাত ধরেই ২০২৩ সালে লিগস কাপের শিরোপা জিতেছিল মায়ামি। কিন্তু এবার ডান পায়ে পেশির চোটে ভুগছেন তিনি। লিগস কাপে কোয়ার্টার ফাইনালে ছিলেন না। খেলা হয়নি মেজর লিগ সকারে শনিবারের ম্যাচেও। আলবার অবশ্য হাঁটুর সমস্যা। মেসি সর্বশেষ দলের হয়ে খেলেছেন গত ১৬ আগস্ট। তাও আবার সেটি বদলি হয়ে।

# ৪৩ বছর বয়সে এসএ টোয়েন্টি খেলতে চান অ্যান্ডারসন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ক্রিকেট ইতিহাসের অন্যতম সেরা ফাস্ট বোলার জেমস অ্যান্ডারসন এবার নতুন রূপে ফিরতে চান ক্রিকেটের ছোট ফরম্যাটে। ৪৩ বছর বয়সেও থেমে নেই তার ক্রিকেট-পিপাসা। দক্ষিণ আফ্রিকার জনপ্রিয় ফ্র্যাঞ্চাইজি লিগ এসএ টোয়েন্টি এর আসন্ন আসরের নিলামের জন্য নাম লিখিয়েছেন ইংলিশ কিংবদন্তি।

এবারের নিলামে মোট ৭৮২ জন ক্রিকেটার নাম নিবন্ধন করেছেন। তবে এর মধ্যে সবচেয়ে বেশি আলোচনার জন্ম দিয়েছে ১৫৯ নম্বরে থাকা একটি নাম 'জেমস মাইকেল অ্যান্ডারসন'।

নিজ দেশের হয়ে ১৮৮টি টেস্ট খেলে ৭০৪ উইকেট নেওয়া অ্যান্ডারসন টেস্ট ইতিহাসের সফলতম পেসার। তবে টি-টোয়েন্টি সংস্করণে তার উপস্থিতি ছিল সীমিতই। গোটা ক্যারিয়ারে মাত্র ৫৬টি টি-টোয়েন্টি ম্যাচ খেলেছেন তিনি। দেশের বাইরের কোনো ফ্র্যাঞ্চাইজি লিগে খেলেননি কখনও।

টেস্ট ক্যারিয়ার দীর্ঘ করার উদ্দেশ্যেই বহু বছর সীমিত ওভারের ক্রিকেট থেকে নিজেকে সরিয়ে রেখেছিলেন



এই সুইং মাস্টার। ২০২৪ সালে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় জানানোর পর, আবার নতুনভাবে ফিরে আসছেন খেলোয়াড়ি জীবনে। সম্প্রতি টি-টোয়েন্টি ব্লাস্টে ১১ বছর পর ফিরে ৯ ম্যাচে ১৭ উইকেট নিয়ে দুর্দান্ত পারফর্ম করেছেন ল্যাঙ্কাশায়ারের হয়ে। এরপর এবার 'দা হান্ড্রেড'-এ প্রথমবার মাঠে নামেন ম্যানচেস্টার অরিজিনালসের হয়ে।

নিলামে দল পেলেও এসএ টোয়েন্টির সবচেয়ে বয়স্ক খেলোয়াড় হবেন না অ্যান্ডারসন। কারণ ৪৪ বছর বয়সে আগের আসরে খেলেছেন দক্ষিণ আফ্রিকার লেগ স্পিনার ইমরান তাহির। বর্তমানে ৪৫ বছর বয়সেও তাহির নিয়মিত টি-টোয়েন্টি লিগে অংশ নিচ্ছেন এবং এবারও নিলামে আছেন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR